

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৮৭(২০১৬-২০১৭)/২০১৭-২০১৮/

তারিখঃ ২০.০৫.২০১৮ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব এম সুযমা আফরোজ রোজী, উর্ধ্বতন কর্মকর্তা, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, সাতক্ষীরা, ইতিপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, কালিগঞ্জ শাখায় ২য় কর্মকর্তা (কর্মকর্তা) হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বিকেবি (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৮ (ক), (খ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক আপনাকে যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি এবং আত্মসাৎ ও প্রতারণামূলক অপরাধের জন্য ২৮/১৬-১৭ নম্বর বিভাগীয় শৃংখলাজনিত মামলা রঞ্জু করিয়া অত্র বিভাগের ০১.১২.২০১৬ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৮৭/ ২০১৬-২০১৭/ ১৭৪৬ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষংগিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব এম সুযমা আফরোজ রোজী আপনাকে আপনার বিরুদ্ধে প্রমানিত অভিযোগসমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক গুরুদণ্ডে দণ্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরুদণ্ডে দণ্ডিত করা হইবে না - এই মর্মে অত্র বিভাগের ২৭.১১.২০১৭ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৮৭/ ২০১৬-২০১৭/ ১৮০৪ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারন দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল;

০৪। যেহেতু আপনি জনাব এম সুযমা আফরোজ রোজী প্রাথমিকভাবে প্রস্তাবিত শাস্তি আরোপের জন্য আপনাকে প্রদত্ত অত্র বিভাগের ২৭.১১.২০১৭ ইং তারিখের চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব ০৭.০১.২০১৮ ইং তারিখে দাখিল করেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার বিশ্লেষণ করিয়া দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, দুর্নীতি ও প্রতারণামূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ আপনি জনাব এম সুযমা আফরোজ রোজী আপনাকে গুরু দণ্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন ;

০৫। সেহেতু কর্তৃপক্ষ বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ)(ই) প্রবিধি অনুসারে আপনি জনাব এম সুযমা আফরোজ রোজী আপনাকে ব্যাংকের চাকুরী হইতে বাধ্যতামূলক অবসর প্রদানের আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব এম সুযমা আফরোজ রোজী (এস-১৮৩৫)
উর্ধ্বতন কর্মকর্তা (বাধ্যতামূলক অবসর প্রাপ্ত)
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়
সাতক্ষীরা।

স্বাক্ষরিত

(মোঃ মোশাররফ হোসেন)
উপ-মহাব্যবস্থাপক

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৮৭(২০১৬-২০১৭)/২০১৭-২০১৮/

৪০৬৮(৭)

তারিখঃ ২০.০৫.২০১৮ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-১/২/৩, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা।
- ৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সাতক্ষীরা।
- ৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া আদেশটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হইল।
- ৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ৮। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১০। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, সাতক্ষীরা। এতদসংগে প্রেরিত মূল ঘোষণাটি জনাব এম সুযমা আফরোজ রোজী এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইলো।
- ১১। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, সাতক্ষীরা।
- ১২। ব্যবস্থাপক, বিকেবি, কালিগঞ্জ শাখা, সাতক্ষীরা।
- ১৩। নথি/ মহানথি / মূলনথি।

(মোঃ ওবায়দ উল্লাহ)
সহকারী মহাব্যবস্থাপক